# নিরাপত্তা পরিষদের সংস্কারের উপর রাষ্ট্রসঙ্ঘের সাধারণ সভার সিদ্ধান্ত

নিরাপত্তা পরিষদের সংস্কারের বিষয় নিয়ে সাধারণ অধিবেশনের সভাপতি যে খসড়াটি পেশ করেছিলেন, তাকে এগিয়ে নিয়ে যাওয়ার রাষ্ট্রসঙ্ঘের সাধারণ অধিবেশনের সিদ্ধান্তকে ভারত সরকার স্বাগত জানায়। এটি একটি তাৎপর্যপূর্ণ অগ্রগতি, কারণ দুই দশকেরও বেশি সময় ধরে আলোচনার পর আমরা বর্তমানে খসড়াভিত্তিক চুক্তি শুরু করতে পারি। রাষ্ট্রসঙ্ঘের সমস্ত সদস্য দেশগুলির এই খসড়া অধিগ্রহণের ঐক্যমত্যই এই বিষয় নিয়ে আন্তর্জাতিক মহলের অগ্রসর হওয়ার প্রতি প্রশস্ত সমর্থনের প্রতিফলন।

সাধারণ অধিবেশনের ৬৯-তম সেশনের সভাপতি মাননীয় মিঃ স্যাম কুতেসা এবং ইন্টারগভর্নমেন্টাল নেগোসিয়েশনস (আইজিএন) প্রক্রিয়ার চেয়ার পদাধিকারী মাননীয় কৌর্তেনায় রাত্রায়ের নেতৃত্বকে গভীরভাবে অভিবাদন জানাই, খসড়াভিত্তিক চুক্তির দিকে আইজিএন-কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য।

ইউজিএন-এর ৭০-তম সেশনে এই খসড়াভিত্তিক চুক্তির অগ্রিম সূচনা করার পাশাপাশি এ নিয়ে সুদৃঢ় ফলাফল নিশ্চিত করতে আমরা আশাবাদী। আমরা সমস্ত সদস্য দেশগুলিকে আহ্বান জানাচ্ছি এই প্রক্রিয়ায় গঠনাত্মকভাবে অংশগ্রহণ করতে যাতে দীর্ঘদিন ধরে অনিষ্পন্ন থাকা রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদের সংস্কার করা সম্ভব হয় এবং বিশ্বব্যাপী চ্যালেঞ্জের মোকাবিলা করতে আরও কার্যকরীভাবে সমৃদ্ধ হয়ে ওঠে কাউন্সিল।

**নয়াদিল্লি**

**সেপ্টেম্বর ১৪, ২০১৫**